# পল্লী সঞ্চয় ব্যাংক

শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০
www.pallisanchaybank.gov.bd

## কর্মী ব্যবস্থাপনা বিভাগ

স্মারক নং-পসব্য/প্রকা/কব্যবি-৮/২০২৪-২০২৫/ ৪৫ — তারিখ: ০৩ জুলাই, ২০২৪ খ্রি.

বিভাগীয় প্রধান (সকল বিভাগ), প্রধান কার্যালয়
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, জেলা (আঞ্চলিক) কার্যালয় (সকল)
অডিট দলনেতা, নিরীক্ষা কার্যালয় (সকল)
শাখা ব্যবস্থাপক (সকল)
পল্লী সঞ্চয় ব্যাংক।

**বিষয়ঃ ব্যাংকের মৃত কর্মকর্তা/কর্মচারীর প্রাপ্য সকল সুবিধাদি প্রদানের লক্ষ্যে "ব্যাংক ফ্যাসিলিটি নমিনী মনোনয়ন ফরম" প্রেরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

১) আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, একজন কর্মকর্তা/কর্মচারী চাকরিরত অবস্থায় মারা গেলে নিম্নোক্ত সুযোগ সুবিধাদি প্রাপ্য হবেন-

| ক্র নং | খাতের নাম | মন্তব্য |
|---|---|---|
| ০১ | মৃত্যু পরবর্তী অনুদান | ১৭/০৫/২০২৩ তারিখে জারিকৃত "মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্প ২০২৩" এর অনুচ্ছেদ ৪ মোতাবেক। |
| ০২ | কল্যাণ তহবিল হতে এককালীন অনুদান | ১১/১১/২০১৯ তারিখে জারিকৃত "কল্যাণ তহবিল নীতিমালা ২০১৯" এর উপ-অনুচ্ছেদ ৭(২) মোতাবেক। |
| ০৩ | কাফনদাফন, লাশ পরিবহন ও সৎকারের জন্য | ১১/১১/২০১৯ তারিখে জারিকৃত "কল্যাণ তহবিল নীতিমালা ২০১৯" এর উপ-অনুচ্ছেদ ৭(৪) মোতাবেক। |
| ০৪ | প্রভিডেন্ট ফান্ড | ০১/০৬/২০২০ তারিখে জারিকৃত "পল্লী সঞ্চয় ব্যাংক প্রদেয় ভবিষ্য তহবিল নীতিমালা-২০১৯" এর অনুচ্ছেদ ১৫ (ক) এবং ১৫ (খ) মোতাবেক। |
| ০৫ | গ্রাচুইটি/আনুতোষিক | ১৮/০৯/২০২২ তারিখে জারিকৃত "পল্লী সঞ্চয় ব্যাংক প্রবিধানমালা ২০২২" এর অনুচ্ছেদ ৬৩ (১) এবং ৬৩ (২) মোতাবেক। |
| ০৬ | ছুটি নগদায়ন | ২১/০১/১৯৮৫ইং তারিখের অম/অবি/প্রবি২/ছুটি-১৬/৮৪/৯ নম্বর স্মারকের আওতায় |

২) ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীর মৃত্যুর পর প্রদেয় সকল সুবিধাদি তাঁর মনোনীত ব্যক্তি(গণ) কে প্রদানের সেবা সহজীকরণের লক্ষ্যে ব্যাংক কর্তৃক "ব্যাংক ফ্যাসিলিটি নমিনি মনোনয়ন ফরম" সার্বজনীনভাবে প্রস্তুত করা হয়েছে (সংযুক্তি -০১ এ সন্নিবেশিত)। আপনার বিভাগ/কার্যালয়/শাখা এর সকল কর্মকর্তা ও কর্মচারীর নিকট হতে যথাযথভাবে পুরণকৃত "ব্যাংক ফ্যাসিলিটি নমিনি মনোনয়ন ফরম" সংগ্রহ করে আগামী ৩০ জুলাই, ২০২৪ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের কর্মী ব্যবস্থাপনা বিভাগে প্রেরণের নির্দেশ প্রদান করা হলো। উল্লেখ্য, আগামী ৩০/০৭/২০২৪ তারিখ হতে উক্ত নমিনি মনোনয়ন টি কার্যকর হবে। একইসাথে, উক্ত ফরম দ্বারা পল্লী সঞ্চয় ব্যাংক কর্তৃক ইতঃপূর্বে গৃহীত এ সংক্রান্ত সকল নমিনি মনোনয়ন ফরম কে প্রতিস্থাপন করা হলো।

৩) পরবর্তীতে, কোন কর্মকর্তা/কর্মচারীর "ব্যাংক ফ্যাসিলিটি নমিনি মনোনয়ন ফরম" বাতিলের প্রয়োজন হলে "ব্যাংক ফ্যাসিলিটি নমিনি মনোনয়ন বাতিল সংক্রান্ত নোটিশ"(সংযুক্তি-০২ এ সন্নিবেশিত) পুরণপূর্বক এর সাথে যথাযথভাবে পুরণকৃত আরেকটি "ব্যাংক ফ্যাসিলিটি নমিনি মনোনয়ন ফরম" সংযুক্ত করে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট আবেদন করতে হবে। নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক যথাযথ মাধ্যম অনুসরণ করে তাহা প্রধান কার্যালয়ের কর্মী ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হবে।

৪) **"ব্যাংক ফ্যাসিলিটি নমিনি মনোনয়ন ফরম" পুরণের সাধারণ নির্দেশনা :**

ক) মনোনয়নকারী কর্মকর্তা/কর্মচারী স্ব-হস্তে তাঁর নমিনি মনোনয়ন ফরম টি পূরণ করবেন। ব্যাংকের যে কোন দুই জন কর্মকর্তা/কর্মচারী উক্ত ফরমে সাক্ষ্য দিবেন। স্বাক্ষী (গণ) এবং প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা স্ব-হস্তে নির্ধারিত স্থানে তারিখ উল্লেখপূর্বক স্বাক্ষর বা প্রতিস্বাক্ষর সন্নিবেশ করবেন।

খ) নমিনি মনোনয়ন ফরমে কর্মকর্তা/কর্মচারী এক বা একাধিক ব্যক্তিকে মনোনয়ন দিতে পারবেন। এ ক্ষেত্রে মনোনীত অর্থের শতকরা হারের সমষ্টি ১০০(%) এর কম বা বেশি হবে না।

গ) বিবাহিত কর্মকর্তা/কর্মচারীগণ ভবিষ্যত তহবিল নীতিমালার ২(চ) এর সংজ্ঞা মোতাবেক পরিবারের বাইরে কাউকে মনোনয়ন প্রদান করতে পারবে না। অবিবাহিত কর্মকর্তা/কর্মচারীগণ বৈধ উত্তরাধিকারগণের বাইরে কাউকে মনোনীত করতে পারবে না। বৈধ উত্তরাধিকার নাবালক হলেও মনোনয়ন প্রদান করা যাবে।

ঘ) প্রধান কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীর উক্ত নমিনি মনোনয়ন ফরমে বিভাগীয় প্রধানগণ প্রতিস্বাক্ষর করবেন। বিভাগীয় প্রধানগণের নমিনি মনোনয়ন ফরমে সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক প্রতিস্বাক্ষর করবেন।

ঙ) শাখায় পদায়নকৃত সকল কর্মকর্তা/কর্মচারীর নমিনি মনোনয়ন ফরমে শাখা ব্যবস্থাপক প্রতিস্বাক্ষর করবেন। একই ভাবে জেলার আওতাধীন সকল শাখা ব্যবস্থাপক এবং জেলা (আঞ্চলিক) কার্যালয়ে পদায়নকৃত কর্মকর্তা/কর্মচারীগণের নমিনি মনোনয়ন ফরমে সংশ্লিষ্ট জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রতিস্বাক্ষর করবেন। নিরীক্ষা কার্যালয়ে পদায়নকৃত কর্মকর্তা/কর্মচারীগণের নমিনি মনোনয়ন ফরমে সংশ্লিষ্ট নিরীক্ষা দলনেতা প্রতিস্বাক্ষর করবেন।

চ) জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নমিনি মনোনয়ন ফরমে সংশ্লিষ্ট শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রতিস্বাক্ষর করবেন এবং নিরীক্ষা দলনেতা এর নমিনি মনোনয়ন ফরমে প্রধান কার্যালয়ের অভ্যন্তরীণ নিরীক্ষা ও পরিপালন বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রতিস্বাক্ষর করবেন।

ছ) উক্ত নমিনি মনোনয়ন ফরমের ০২ নং কলামে উল্লিখিত তথা মনোনীত ব্যক্তি (গণ) এর জাতীয় পরিচয় পত্র বা জন্ম নিবন্ধন সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং ০৬ নং কলামে সংযুক্ত মনোনীত ব্যক্তি (গণ) এর পাসপোর্ট সাইজের ছবি মনোনয়নকারী কর্মকর্তা/কর্মচারী কর্তৃক স্ব-হস্তে তারিখ উল্লেখপূর্বক সত্যায়িত করে উক্ত মনোনয়ন ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

**৫) "ব্যাংক ফ্যাসিলিটি নমিনি মনোনয়ন ফরম" প্রেরণ সংক্রান্ত নির্দেশনা :**

ক) প্রধান কার্যালয়ের সকল বিভাগীয় প্রধানগণ তাঁর আওতাধীন সকল কর্মকর্তা/কর্মচারীর নমিনি মনোনয়ন ফরম সংগ্রহ করে তালিকাসহ মুলকপি কর্মী ব্যবস্থাপনা বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করবেন।

খ) জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিজ কার্যালয়ের এবং আওতাধীন শাখা সমুহের সকল কর্মকর্তা/কর্মচারীর নমিনি মনোনয়ন ফরম সংগ্রহ করে শাখা ভিত্তিক তালিকা প্রস্তুতপূর্বক মূলকপি নির্ধারিত সময়ের মধ্যে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার মাধ্যমে কর্মী ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করবেন।

গ) নিরীক্ষা কার্যালয়ের দলনেতা তার নিজ কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীর মনোনয়ন ফরমের তালিকাসহ মুলকপি প্রধান কার্যালয়ের অভ্যন্তরীণ নিরীক্ষা ও পরিপালন বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার মাধ্যমে কর্মী ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করবেন।

৬) এমতাবস্থায়, পল্লী সঞ্চয় ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারীর স্ব-হস্তে পূরণকৃত "ব্যাংক ফ্যাসিলিটি নমিনি মনোনয়ন ফরম" সংগ্রহ করে নির্ধারিত ছক (সংযুক্তি-০৩) এ সন্নিবেশিত করে সফটকপি mamun@pallisanchaybank.gov.bd ই- মেইলে এবং সকল হার্ডকপি ডাকযোগে/কুরিয়ারে আগামী ৩০/০৭/২০২৪ তারিখের মধ্যে কর্মী ব্যবস্থাপনা বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

৭) এ সংক্রান্ত যে কোন প্রয়োজনে জনাব মোহাম্মদ মামুন মিয়া, জুনিয়র অফিসার (মাঠ) (মোবাইল নং- ০১৯৫৮-৫২৯১৯৪) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

**(শেখ মোঃ জামিনুর রহমান)**
ব্যবস্থাপনা পরিচালক

**সংযুক্তিঃ**
ক) ব্যাংক ফ্যাসিলিটি নমিনি মনোনয়ন ফরম- ০১ পাতা।
খ) ব্যাংক ফ্যাসিলিটি নমিনি মনোনয়ন বাতিল সংক্রান্ত নোটিশ-০১ পাতা।
গ) বিভাগ/কার্যালয়/ শাখা ভিত্তিক তালিকা প্রেরণের নমুনা- ০৪ পাতা।

স্মারক নং-পসব্য/প্রকা/কব্যবি-৮/২০২৪-২০২৫/ তারিখ: ০৩ জুলাই, ২০২৪ খ্রি.

**জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. স্টাফ অফিসার টু উপব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক(সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. বিভাগীয় প্রধান,কর্মী ব্যবস্থাপনা বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা; (ব্যক্তিগত ফাইলে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য)।
৫. প্রোগ্রামার, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সকল কর্মকর্তা/কর্মচারী, পল্লী সঞ্চয় ব্যাংক।
৭. সংশ্লিষ্ট নথি/মহানথি।

## পল্লী সঞ্চয় ব্যাংক

## ব্যাংক ফ্যাসিলিটি নমিনি মনোনয়ন ফরম

বরাবর
ব্যবস্থাপনা পরিচালক
পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

আমি এতদ্দ্বারা মনোনয়ন প্রদান করিতেছি যে, আমার মৃত্যুর পর ভবিষ্য তহবিল, কর্মচারী কল্যাণ তহবিল, গ্র্যাচুইটি, ছুটি নগদায়ন, মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্প সহ ব্যাংক কর্তৃক ভবিষ্যতে প্রদেয় সকল তহবিল/হিসাব/সুবিধা হইতে আমার প্রাপ্য সমুদয় অর্থ নিম্নোক্ত ছকের (২) নম্বর কলামে উল্লিখিত ব্যক্তি (বর্গের) নিকট কলাম (৫) এ বর্ণিত হারে প্রদেয় হইবে-

| ক্রমিক | মনোনীত ব্যক্তি (বর্গের) নাম ও ঠিকানা (এনআইডি/জন্ম নিবন্ধন সনদ নম্বরসহ) | কর্মকর্তা/কর্মচারীর সহিত সম্পর্ক | মনোনীত ব্যক্তির জন্ম তারিখ | সঞ্চিত অর্থের শতকরা হার | মনোনীত ব্যক্তি (বর্গের) ছবি (কর্মচারী কর্তৃক সত্যায়িত) |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

**স্বাক্ষী [নাম, কর্মচারী পরিচিতি নং, পদবি, দাপ্তরিক ঠিকানা ও তারিখ সহ স্বাক্ষর ও সীল (যদি থাকে)]:**

১।

২।

স্থান:.....................................

তারিখ:...................................

কর্মকর্তা/কর্মচারীর স্বাক্ষর ও সীল(যদি থাকে):...........................................

পদবি:........................................................................................

নাম (কর্মচারী পরিচিতি নং সহ):.........................................................

**প্রতিস্বাক্ষর**

(মঞ্জুরকারী কর্তৃপক্ষ)
[নাম, কর্মচারী পরিচিতি নং, পদবি ও তারিখ সহ স্বাক্ষর ও সীল]

** কর্মচারী কর্তৃক স্বহস্তে পূরণকৃত এই মনোনয়ন ফরমের সাথে মনোনীত নমিনি (গণের) পাসপোর্ট আকারের ছবি ও জাতীয় পরিচয় পত্র (এনআইডি কার্ড)/ জন্ম নিবন্ধন সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) সংযুক্ত করতে হবে।

# পল্লী সঞ্চয় ব্যাংক

## ব্যাংক ফ্যাসিলিটি নমিনি মনোনয়ন বাতিল সংক্রান্ত নোটিশ

বরাবর
ব্যবস্থাপনা পরিচালক
পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

**বিষয়: মনোনয়ন বাতিল নোটিশ।**

আমার মৃত্যুজনিত কারণে ভবিষ্য তহবিল, কর্মচারী কল্যাণ তহবিল, গ্র্যাচুইটি, ছুটি নগদায়ন, মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্প সহ ব্যাংক কর্তৃক ভবিষ্যতে প্রদেয় সকল তহবিল/হিসাব/সুবিধা হইতে আমার প্রাপ্য সমুদয় অর্থ উত্তোলনের জন্য প্রদত্ত বিগত.................. তারিখের মনোনয়নটি (কপি সংযুক্ত) ................................................... কারণে অবিলম্বে বাতিলের জন্য নোটিশ প্রদান করিতেছি।

**স্বাক্ষী (নাম, কর্মচারী পরিচিতি নং, পদবি, দাপ্তরিক ঠিকানা ও তারিখ সহ স্বাক্ষর):**

১।

২।

স্থান:..........................................

তারিখ: ....................................

কর্মকর্তা/কর্মচারী স্বাক্ষর ও সীল(যদি থাকে):........................

পদবি:..................................................................

নাম (কর্মচারী পরিচিতি নং সহ):......................................

প্রতিস্বাক্ষর

(মঞ্জুরকারী কর্তৃপক্ষ)

[নাম, কর্মচারী পরিচিতি নং, পদবি ও তারিখ সহ সীল ও স্বাক্ষর]

# পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

## শাখা কোড নং-১০০১

## বিভাগ:......................

১. প্রধান কার্যালয়ের ..................বিভাগে পদায়নকৃত কর্মকর্তা/কর্মচারীগণের "ব্যাংক ফ্যাসিলিটি নমিনি মনোনয়ন ফরম" এর তালিকাঃ

| ক্র. নং | নাম | কর্মচারী আইডি | পদবী | মনোনীত ব্যক্তি/ব্যক্তিবর্গের নাম ও ঠিকানা (এনআইডি/জন্ম নিবন্ধন সনদ নম্বরসহ) | কর্মকর্তা/কর্ম-চারীর সহিত সম্পর্ক | মনোনীত ব্যক্তি(গণ) এর জন্ম তারিখ | সঞ্চিত অর্থের শতকরা হার | ব্যাংক ফ্যাসিলিটি নমিনি মনোনয়ন ফরমের স্ক্যান ইমেজ (jpg/jpeg নমুনা সংযুক্ত করতে হবে) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| ২ | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| ৩ | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| ৪ | | | | | | | | |
| | | | | | | | | |

# পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

জেলা(আঞ্চলিক) কার্যালয়, .........

কোড: ..........

ইমেইল/ঠিকানা: ...............................

## ১. ............ জেলা (আঞ্চলিক) কার্যালয় এর কর্মকর্তা/কর্মচারীগণের "ব্যাংক ফ্যাসিলিটি নমিনি মনোনয়ন ফরম" এর তালিকাঃ

| ক্র. নং | নাম | কর্মচারী আইডি | পদবী | মনোনীত ব্যক্তি/ব্যক্তিবর্গের নাম ও ঠিকানা (এনআইডি/জন্ম নিবন্ধন সনদ নম্বরসহ) | কর্মকর্তা/কর্ম-চারীর সহিত সম্পর্ক | মনোনীত ব্যক্তি(গণ) এর জন্ম তারিখ | সঞ্চিত অর্থের শতকরা হার | ব্যাংক ফ্যাসিলিটি নমিনি মনোনয়ন ফরমের স্ক্যান ইমেজ (jpg/jpeg নমুনা সংযুক্ত করতে হবে) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| ২ | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| ৩ | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| ৪ | | | | | | | | |
| | | | | | | | | |

# পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

নিরীক্ষা দল নং..........

নিরীক্ষা কার্যালয়:.............

কোড নং-

ইমেইল/ঠিকানা: ..............................

**১. ........... নিরীক্ষা কার্যালয় এর কর্মকর্তা/কর্মচারীগণের "ব্যাংক ফ্যাসিলিটি নমিনি মনোনয়ন ফরম" এর তালিকাঃ**

| ক্র. নং | নাম | কর্মচারী আইডি | পদবী | মনোনীত ব্যক্তি/ব্যক্তিবর্গের নাম ও ঠিকানা (এনআইডি/জন্ম নিবন্ধন সনদ নম্বরসহ) | কর্মকর্তা/কর্মচারীর সহিত সম্পর্ক | মনোনীত ব্যক্তি(গণ) এর জন্ম তারিখ | সঞ্চিত অর্থের শতকরা হার | ব্যাংক ফ্যাসিলিটি নমিনি মনোনয়ন ফরমের স্ক্যান ইমেজ (jpg/jpeg নমুনা সংযুক্ত করতে হবে) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| ২ | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| ৩ | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| ৪ | | | | | | | | |
| | | | | | | | | |

২. ………… জেলা(আঞ্চলিক) কার্যালয়ের আওতাধীন সকল কর্মকর্তা/কর্মচারীগণের "ব্যাংক ফ্যাসিলিটি নমিনি মনোনয়ন ফরম" এর তালিকাঃ

## শাখার নাম:… … … … … … …

| ক্র. নং | নাম | কর্মচারী আইডি | পদবী | মনোনীত ব্যক্তি/ব্যক্তিবর্গের নাম ও ঠিকানা (এনআইডি/জন্ম নিবন্ধন সনদ নম্বরসহ) | কর্মকর্তা/কর্ম-চারীর সহিত সম্পর্ক | মনোনীত ব্যক্তি(গণ) এর জন্ম তারিখ | সঞ্চিত অর্থের শতকরা হার | ব্যাংক ফ্যাসিলিটি নমিনি মনোনয়ন ফরমের স্ক্যান ইমেজ (jpg/jpeg নমুনা সংযুক্ত করতে হবে)) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| ২ | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| ৩ | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| ৪ | | | | | | | | |
| | | | | | | | | |